লন্ডন এন্ড কোয়াড্র্যান্টের পরিচিতি ...

বিভিন্নস্থানেরসৃষ্টিযেখানেমানুষথাকতেচায়

...লন্ডন এবং সাউথ ইস্টের জনসাধারণের কাছে 40 বছরের বেশি সময় ধরে উচ্চমানের গৃহ এবং পরিষেবা প্রদান করা হচ্ছে ...

বিভিন্নস্থানেরসৃষ্টিযেখানেমানুষথাকতেচায়

লন্ডন এন্ড কোয়াড্র্যান্ট মুনাফার-জন্য-নয় এমন একটি সংস্থা যারা 40 বছর আগে এর স্থাপনার দিন থেকে এক মিলিয়ন মানুষকে গৃহ পেতে সাহায্য করেছে।

আমাদের লক্ষ্য হল লন্ডন এবং সাউথ ইষ্টের এবং তার আশেপাশের স্থানের মানুষজনকে উচ্চ মানের গৃহ এবং পরিষেবা প্রদান করে এমন স্থানের সৃষ্ট করা যেখেনে মানুষ থাকতে চায়।

[Picture]

আমরা লন্ডন এবং সাউথের মধ্যে সবচেয়ে বড় আবাসন সংস্থা, যারা 33,000 গৃহ পরিচালনা করে এবং 500 এর বেশি কর্মীর কর্মসংস্থান করেছে।

আমাদের গৃহগুলির ভাড়া বাজারের ব্যক্তিগত মালিকানার গৃহের চেয়ে কম, কারণ আমরা আমাদের খরচ কম রাখার জন্য সরকারের কাছ থেকে অনুদান পাই। তাই যে সব ব্যক্তি বাইরে কোন গৃহ ভাড়ায় নিতে বা কিনতে পারেন না তাদের গৃহের ব্যবস্থা করতে পারি।

বিভিন্ন প্রকারের মানুষ এল এন্ড কিউ এ বসবাস করেন। বেশিরভাগ পরিবারই নিম্ন আয়ের। কিন্তু আমরা বৃদ্ধদের জন্য, বিকলিঙ্গ বা অন্যান্য প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য এবং তরুণ ব্যক্তিরা যারা জীবনে প্রথমবারের জন্য স্বাধীনভাবে বাস করা শিক্ষা করছেন তাদেরও গৃহের ব্যবস্থা করে থাকি। আমরা এমন মানুষদেরও গৃহ প্রদান করে থাকি যারা প্রাক্তন-গৃহহীন এবং অপরিহার্য সরকারী পরিষেবা কর্মীরা যারা থাকবার জন্য অংশ-ক্রয় বা ভাড়ায় বাড়ি খুঁজছেন।

আমরা প্রচুর অর্থ এবং সময় আমাদের গৃহগুলিতে এবং কমিউনিটি প্রজেক্টে লগ্নি করে থাকি যাতে বসবাসকারীদের জীবনের মান উন্নত হয়।

বিভিন্নস্থানেরসৃষ্টিযেখানেমানুষথাকতেচায়

উচ্চমানের পরিষেবা ...

- এল এন্ড কিউ আমাদের উপভোক্তারা কি চান তার উপরে মনোনিবেশ করে বিভিন্ন ধরণের গৃহ এবং গোষ্ঠী পরিষেবা প্রদান করে থাকে।

- এল এন্ড কিউ প্রতি বছর প্রায় 80,000 মেরামতির কাজ শেষ করে থাকে, যার মধ্যে 95% শেষ হয় জাতীয় স্তরে নির্দেশিত সময়ের লক্ষ্য সীমার মধ্যে।

- এল এন্ড কিউ প্রতি কাজের দিন গড়ে 12 টি পরিবারকে গৃহ প্রদান করে থাকে।

- কোয়াড্র্যান্ট কমিউনিটি ইনভেস্টমেন্ট।

কোয়াড্র্যান্ট
কমিউনিটি
ইনভেস্টমেন্ট

আমাদের বিশেষজ্ঞ কমিউনিটি ডেভলপমেন্ট সেকশন, বছরে প্রায় £1 মিলিয়ন জনসাধারণের চাকরির সুযোগ বৃদ্ধি করতে এবং অন্যান্য পারিপার্শ্বিক যোজনা যেমন এস্টেট ওয়ার্ডেন নিয়োগ করা, নতুন খেলার মাঠ এবং সর্বসাধারণের ব্যবহার্য বিল্ডিং এবং স্থানীয় বাঁচার পরিবেশ আরও ভাল করা জাতীয় বিভিন্ন প্রকল্পে লগ্নি করে।

- আমরা একটি কমিউনিটি ফাইন্যান্স কম্পানী চালাই যার নাম চেঞ্জ, যারা চাকরির ওজনায় টাকা লগ্নি করে এবং সেই সব ব্যক্তিদের আর্থিক পরিষেবা এবং উপদেশ দেয় যারা সাধারণভাবে ব্যাঙ্ক অ্যাকাউন্ট, ঋণ, এবং উপদেশ পেতে প্রতিকুলতার সম্মুখীন হন।

- আমরা লন্ডনের বৃহত্তম সহায়ক আবাসন পরিষেবা প্রদানকারী। কোয়াড্র্যান্ট সাপোর্টেড লিভিং 4000 এর বেশি বৃদ্ধের, তরুণ ব্যক্তি যারা প্রথমবারের জন্য স্বাধীনভাবে বসবাস করতে শিখছেন, এবং অন্যান্য যারা অন্য কোনভাবে ক্ষতিগ্রস্ত হতে পারেন বা যাদের বিশেষ কোন প্র£য়াজন আছে তাদের গৃহ এবং পরিষেবা পরিচালনা করে থাকে।

- আমাদের কর্মীরা বিশ্ব বিখ্যাত সংস্থা থেকে কাস্টমার সার্ভিস ট্রেনিং পায় যাতে তারা সাধারণের প্রয়োজনে খুব শীঘ্র এবং শিষ্টতার সঙ্গে সাড়া দিতে পারে।

- আমাদের গ্রাহকরা আমাদের সম্বন্ধে কি মনে করেন তার আমরা নিয়মিত অনুসন্ধান করি এবং তার ফলাফলের উপর ভিত্তি করে আমাদের পরিষেবা উন্নত করার জন্য কাজ করি।

বিভিন্নস্থানেরসৃষ্টিযেখানেমানুষথাকতেচায়

উচ্চ মানের গৃহ ...

আমরা বছরে কমপক্ষে 750 টি নতুন ভাড়ার বাড়ি এবং আরও বছরে 1000 টি কম খরচের মালিকানা ভিত্তিক (অংশ-মালিকানা, অংশ-ভাড়া) এবং অপরিহার্য সরকারী পরিষেবা কর্মীদের জন্য বাড়ি বানাই।

আমাদের উন্নতি প্রকল্পের একটি বড় অংশ এখন বর্তমান এস্টেটের চারপাশে গৃহ পুনর্জীবিকরণ -পুনর্নবীকরণ বা উন্নতি করতে মনোনিবেশ করছে যাতে সেগুলি এমন জায়গায় পরিণত হয় যেখানে মানুষ থাকতে চায়। কিন্তু আমরা প্রতি বছর শত শত নতুন গৃহও তৈরী করে থাকি।

আমরা মিশ্র গোষ্ঠী তৈরি করায় লক্ষ্য রাখি, যেখানে গৃহ মালিকরা, যে সব ব্যক্তি অংশ ক্রয় করেছেন এবং যারা ভাড়া করা গৃহে থাকেন তারা সকলে পাশাপাশি বাস করতে পারেন। আমরা বিশ্বাস করি যে যে সব গোষ্ঠীতে একটি মিশ্র গৃহ এবং মানুষের পরিবেশ থাকে সেখানে সাধারণ মানুষ বেশি দিন থাকতে চায়।

এল এন্ড কিউ বছরে £35 মিলিয়ন ব্যয় করে গৃহগুলির উন্নতি এবং মেরামতির জন্য যেটি নিশ্চিত করে যে আমাদের গ্রাহকরা একটি সুন্দর জায়গায়, সমস্ত আধুনিক সুযোগের সঙ্গে বসবাস করতে পারছেন।

এল এন্ড কিউ আর্থিকভাবে শক্তিশালী। এটি আমাদের গৃহগুলির উন্নতি এবং পরিচালনায় নতুন কিছু করতে, আধুনিক প্রযুক্তি ব্যবহার করতে, এবং স্থানীয় কাউন্সিল এবং অন্যান্য সংগঠনের ইচ্ছুক এবং শক্তিশালী অংশীদার হিসাবে কাজ করতে সাহায্য করে।

লন্ডন এবং সাউথ ইষ্টের 70 টিরও বেশি স্থানীয় কাউন্সিল এবং নয়টি স্বাস্থ্য সংগঠনের সঙ্গে অঙ্গাঙ্গীভাবে কাজ করে, তারা যে স্থানীয় আবাসন প্রয়োজনীয়তা নির্ধারণ করেছে তা পূরণ করতে সাহায্য করি।

আমরা যে পুনর্জীবিকরণ এবং নতুন গৃহ তৈরীর কাজ করি তার সঙ্গে আমাদের গোষ্ঠী প্রকল্প এবং ক্রিয়াকর্ম যুক্ত করি যাতে আমরা যেখানে কাজ করি তার চারপাশে ভাল কর্মসংস্থান এবং সামাজিক সুযোগ সুবিধা থাকে এবং সাধারণ মানুষ সেখানে থাকতে পারে যেখানে তারা থাকতে চায়।

[Picture]

বিভিন্নস্থানেরসৃষ্টিযেখানেমানুষথাকতেচায়

এল এন্ড কিউ অনেকগুলি সংগঠন নিয়ে তৈরী :

এল এন্ড কিউ গ্রুপ

এই গ্রুপটি একটি স্বেচ্ছাসেবী সদস্যদের বোর্ড দ্বারা পরিচালিত। তারা এল এন্ড কিউ দ্বারা নিয়োজিত নয় এবং তারা যে কাজ করে তার জন্য কোন পারিশ্রমিক নেয় না। এই বোর্ডটি একটি এক্সিকিউটিভ ডাইরেক্টরদের বোর্ড দ্বারা উপদেশ পায়, যারা এল এন্ড কিউ কে দৈনন্দিন ভিত্তিতে চালনা করে।

লন্ডন এন্ড কোয়াড্র্যান্ট হাউসিং ট্রাস্ট

এই ট্রাস্টটি আমাদের ভাড়া বাড়িগুলির বেশিরভাগেরই মালিক। এটি তিনটি আঞ্চলিক বিভাগের মাধ্যমে কাজ সম্পাদন করে। ট্রাস্টটি আবাসন মেরামতি এবং পরিচালনার উপরে মনোনিবেশ করে। বাড়িগুলির পুনর্জীবিকরণ এবং নতুন গৃহ তৈরীর জন্য এল এন্ড কিউ দক্ষ কর্মী নিয়োগ করে।

কোয়াড্র্যান্ট সাপোর্টেড লিভিং

কিউ এস এল ট্রাস্টের সমস্ত সহায়ক আবাসনগুলি পরিচালনা করে। সহায়ক আবাসনগুলির ভাড়াটিয়ারা আরো কিছু পরিষেবা পেয়ে থাকেন যাতে তারা তাদের ভাড়া বজায় রাখতে পারেন, গোষ্ঠীর বিভিন্ন কাজকর্মে যোগদান করতে পারেন এবং তাদের দক্ষতা এবং আত্মবিশ্বাস বাড়াতে পারেন।

টাওয়ার হোমস্

টাওয়ার মালিকানা ভিত্তিক যোজনায় (অংশ ক্রয়, অংশ ভাড়া) স্বল্প ব্যয়ে গৃহ প্রদান করে থাকে এবং অপরিহার্য সরকারী পরিষেবা কর্মী, যেমন নার্স, শিক্ষক এবং পুলিশ অফিসারদের গৃহ প্রদান করে থাকে।

এল এন্ড কিউ বেক্সলে হোমস্

1998 সালে কাউন্সিল দ্বারা 4,000 গৃহ হস্তান্তরিত হওয়ার পর থেকে এরা লন্ডন বর‍্যো অফ বেক্সলেতে স্থিত ভাড়ার গৃহ এবং গোষ্ঠী পরিষেবা পরিচালনা করে।

ফরেষ্ট হোমস্

2002 সালে কাউন্সিল দ্বারা 2,600 গৃহ হস্তান্তরিত হওয়ার পর থেকে এরা লন্ডন বর‍্যো অফ ওয়াল্টহ্যাম ফরেষ্ট স্থিত ভাড়ার গৃহ এবং গোষ্ঠী পরিষেবা পরিচালনা করে।

গ্রীন হরাইজনস্

1999 সালে কাউন্সিল দ্বারা 1,300 গৃহ হস্তান্তরিত হওয়ার পর, মেট্রোপলিটান হাউসিং ট্রাস্টের সঙ্গে অংশীদার হয়ে কাজ করে, এরা লন্ডন বর‍্যো অফ এনফিল্ড স্থিত ভাড়ার গৃহ এবং গোষ্ঠী পরিষেবা পরিচালনা করে।

অক্টোবর 2003 এল এন্ড কিউ কমিউনিকেশনস্ দপ্তর দ্বারা প্রকাশিত

বিভিন্নস্থানেরসৃষ্টিযেখানেমানুষথাকতেচায়

আপনি যদি এল এন্ড কিউ এর কাজের ব্যাপারে আরো কিছু
জানতে চান তাহলে যোগাযোগ করুন :

London & Quadrant Housing Trust, Head Office, Osborn House,
Osborn Terrace, London SE3 9DR
(লন্ডন এন্ড কোয়াড্র্যান্ট হাউসিং ট্রাস্ট, হেড অফিস, অসবর্ন হাউস,
অসবর্ন টেরাস, লন্ডন এস ই3 9ডি আর)
টেলি : 020 8852 9181 ওয়েবসাইট : www.lqgroup.org.uk

Forest Homes, 2 Gainsborough Road, London E11 1HT
(ফরেষ্ট হোমস্, 2 গেনসবরো রোড, লন্ডন ই11 1এইচ টি)
টেলি : 020 8535 2999 ওয়েবসাইট : www.foresthomes.org.uk

Green Horizons, First Floor, St Georges Chamber, 23 South Mall,
Edmonton Green Shopping Center, Edmonton N9 0TS
(গ্রীন হরাইজনস্, 2য় তল, সেন্ট জর্জ চেম্বার, 23 সাউথ মল,
এডমনটন গ্রীন শপিং সেন্টার, এডমনটন এন9 0টি এস)
টেলি : 020 8803 9151 ওয়েবসাইট : www.greenhorizons.org.uk

L&Q Bexley Homes, Ground Floor, Athena House,
112 Station Road, Sidcup, Kent DA15 7BT
(এল এন্ড কিউ বেক্সলে হোমস্, 1ম তল, এথেনা হাউস,
112 স্টেশন রোড, সিডকাপ, কেন্ট ডি এ15 7বি টি)
টেলি : 020 8308 3600 ওয়েবসাইট : www.lqbexley.org.uk

Quadrant Supported Living (South), Osborn House,
Osborn Terrace, London SE3 9DR
(কোয়াড্র্যান্ট সাপোর্টেড লিভিং (সাউথ), অসবর্ন হাউস,
অসবর্ন টেরাস, লন্ডন এস ই 3 9ডি আর)
টেলি : 020 8852 9181 ওয়েবসাইট : www.lqgroup.org.uk

Quadrant Supported Living (North), Wentworth House,
12th Floor, 350 Eastern Avenue, Ilford, Essex IG2 6NN
(কোয়াড্র্যান্ট সাপোর্টেড লিভিং (নর্থ), ওয়েন্টোয়ার্থ হাউস্,
13 তল, 350 ইষ্টার্ন অ্যাভিনিউ, ইলফোর্ড, এসেক্স আই জি2 6এন এন)
টেলি : 020 8532 4060 ওয়েবসাইট : www.lqgroup.org.uk

Tower Homes, 70 Court Road, Eltham SE9 5NP
(টাওয়ার হোমস্, 70 কোর্ট রোড, এলথ্যাম এস ই9 5এন পি)
টেলি : 020 8850 9686 ওয়েবসাইট: www.towerhomes.org.uk